AFC-এর

# 14-21 বছর বয়সী ইমিগ্র্যান্ট তরুণদের জন্য শিক্ষাগত অপশন সংক্রান্ত নির্দেশিকা

ডিসেম্বর 2025

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক
প্রতিটি শিশুর শিক্ষার অধিকার সুরক্ষিত রাখে

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইঙ্ক. কর্তৃক সকল স্বত্ব সংরক্ষিত © 2025

*আপনি কি নিউ ইয়র্ক সিটিতে স্কুলে ভর্তি হওয়ার ব্যাপারে জানতে চাচ্ছেন? আপনি কি 14-21 বছর বয়সী এবং একজন ইমিগ্র্যান্ট যে 3 বছরের কম সময় আগে NYC-তে এসেছেন?*

***যদি তাই হয়ে থাকেন, তাহলে এই নির্দেশিকাটি আপনারই জন্য!***

# সূচীপত্র


**সূচনা ...... 3**

আপনার যেসব অধিকার রয়েছে: ...... 3

**আপনার জন্য স্কুল সংক্রান্ত অপশনসমূহ ...... 4**

**হাই স্কুলসমূহ ...... 4**

► ইন্টারন্যাশনাল হাই স্কুল ...... 5

► ট্রান্সফার হাই স্কুলসমূহ ...... 6

► লোকাল হাই স্কুলসমূহ ...... 8

হাই স্কুলে কীভাবে ভর্তি হওয়া যায় ...... 10

ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ (FWCs) ...... 11

**HSE ডিপ্লোমা এবং 17+ বয়সী তরুণদের জন্য অন্যান্য শিক্ষামূলক প্রোগ্রাম ...... 13**

► হাই স্কুল ইকুইভ্যালেন্সি (HSE) প্রিপারেশন ...... 13

► অ্যাডাল্ট বেসিক এডুকেশন (ABE) ...... 14

► ইংলিশ অ্যাজ আ সেকেন্ড/আদার ল্যাঙ্গুয়েজ (ESOL) ...... 14

► ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (CTE) ...... 15

ABE, ESOL অথবা CTE-তে কীভাবে ভর্তি হওয়া যাবে ...... 15

**অন্যান্য রিসোর্সেস ...... 16**

NYC, ব্রুকলিন এবং কুইন্স পাবলিক লাইব্রেরিসমূহ ...... 16

ইমিগ্রেশন সংক্রান্ত সহায়তার জন্য আমি কোথায় যেতে পারি? ...... 16


*এই নির্দেশিকা কোনো আইনী পরামর্শ নয়। এই নির্দেশিকার লক্ষ্য হল AFC-এর কোনো ধরনের মতামত ব্যক্ত করা ছাড়াই বিদ্যমান নীতিমালা অথবা আইনের সারমর্ম তুলে ধরা। আপনার কোনও আইনগত সমস্যা হলে, অনুগ্রহ করে কোনও উকিল বা অ্যাডভোকেটের সাথে যোগাযোগ করুন।*

# সূচনা

এই নির্দেশিকায় রয়েছে ইমিগ্র্যান্ট তরুণেরা কীভাবে নিউ ইয়র্ক সিটিতে স্কুলে ভর্তি হতে পারবে সেই সংক্রান্ত তথ্য। সাম্প্রতিক সময়ে আসা তরুণেরা যাদের বয়স 14 থেকে 21-এর মধ্যে তাদের জন্য যেসব প্রোগ্রাম উন্মুক্ত রয়েছে সেগুলোর বর্ণনা এই নির্দেশিকায় দেওয়া হয়েছে।

**এই নির্দেশিকা পড়ার পরও যদি আপনার কোনো প্রশ্ন থেকে থাকে, তাহলে AFC-এর ফ্রী এডুকেশন হেল্পলাইনের কল করুন:**

**866-427-6033 • সোমবার–বৃহস্পতিবার • সকাল 10টা–বিকাল 4টা**

**অথবা আমাদের ওয়েবসাইটে মেসেজ করুন: www.advocatesforchildren.org**

*আমরা আপনার ভাষায় আপনার সাথে কথা বলতে পারি*

## আপনার যেসব অধিকার রয়েছে:



1. আপনার ইমিগ্রেশন স্ট্যাটাস বা আপনার পরিবারের ইমিগ্রেশন স্ট্যাটাস যেটাই হোক না কেন, **পাবলিক স্কুলে পড়ার অধিকার আপনার রয়েছে**।
2. আপনি আগে কখনও স্কুলে না গিয়ে থাকলেও **আপনার এখন স্কুলে যাওয়ার অধিকার রয়েছে।**
3. আপনার স্কুলে ইংরেজি শেখার অধিকার রয়েছে।
4. যেই বছরে আপনি **21 বছর বয়সী** হবেন, সেই বছরের শিক্ষাবর্ষের শেষ পর্যন্ত স্কুলে পড়ার অধিকার আপনার রয়েছে।
5. যদি আপনি বিশেষ শিক্ষা পরিষেবা পেয়ে থাকেন, তাহলে যেই বছরে আপনি 22 বছর বয়সী হবেন, সেই বছরের শিক্ষাবর্ষের শেষ পর্যন্ত আপনার স্কুলে থাকার অধিকার রয়েছে।
6. **যদি আপনি অস্থায়ী হাউজিংয়ে থেকে থাকেন এবং** আপনার কাছে

প্রয়োজনীয় সব ডকুমেন্ট যদি নাও থেকে থাকে, তারপরও তাৎক্ষণিকভাবে আপনার স্কুলে ভর্তি হওয়ার অধিকার রয়েছে।

7. যদি আপনি আপনার মা-বাবা ছাড়া থেকে থাকেন, তাহলে আপনি নিজে থেকেই স্কুলে ভর্তি হতে পারবেন। **আপনার সাথে প্রাপ্তবয়স্ক কোনো ব্যক্তি থাকার প্রয়োজন নেই।**

# আপনার জন্য স্কুল সংক্রান্ত অপশনসমূহ

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ("NYCPS") সমূহ আপনাকে সহায়তা প্রদান করতে পারে এবং আপনার হাই স্কুল ডিপ্লোমা অর্জনে আপনাকে সাহায্য করতে পারে। যদি আপনি স্কুলে বা অন্য কোনো শিক্ষাগত প্রোগ্রামে ভর্তি হতে চান এবং আপনার বয়স 14 থেকে 21-এর মধ্যে হয়ে থাকে, তাহলে আপনার মূলত দুইটি অপশন রয়েছে।

**1. হাই স্কুল**

*অথবা*

**2. হাই স্কুল ইকুইভ্যালেন্সি (HSE) এবং 17+ বয়সী তরুণদের জন্য অন্যান্য প্রোগ্রাম**

আপনার বয়স, পূর্বের শিক্ষাগত যোগ্যতা, কথা বলার ভাষা ও অন্যান্য বিষয়ের উপর নির্ভর করবে আপনার জন্য সঠিক অপশন কোনটি হবে। এই নির্দেশিকার "অন্যান্য শিক্ষাগত অপশনসমূহ" অংশে অন্যান্য শিক্ষাগত প্রোগ্রাম সম্পর্কে তথ্য দেওয়া আছে।

# হাই স্কুলসমূহ

হাই স্কুল হল সেসব স্কুল যারা 9th থেকে 12th গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের নিয়ে কাজ করে থাকে। শিক্ষার্থীরা সাধারণত 14 বছর বয়স থেকে হাই স্কুল শুরু করে থাকে এবং পড়াশোনা শেষ করতে কমপক্ষে 4 বছর সময় নিয়ে থাকে। কথা বলার ভাষা অথবা পূর্বের শিক্ষাগত যোগ্যতা

> **দ্রষ্টব্য:**
> **সকল NYCPS হাই স্কুল পুরোপুরি ফ্রী**

যেটাই হোক না কেন, যেকোনো শিক্ষার্থী 21 বছর হওয়ার আগ পর্যন্ত NYCPS হাই স্কুলে ভর্তি হতে পারবে।

নির্দিষ্ট ক্লাস সম্পন্ন করা এবং স্টেট পরীক্ষা পাশ করা সহ যখন আপনি গ্র্যাজুয়েশন সংক্রান্ত সকল শর্তাবলী পূরণ করবেন, তখন আপনি হাই স্কুল ডিপ্লোমা অর্জন করবেন। হাই স্কুল ডিপ্লোমা দিয়ে আপনি কলেজে বা ভোকেশনাল/কারিগরি প্রোগ্রামে ভর্তি হতে পারবেন অথবা চাকরির জন্য আবেদন করতে পারবেন।

ইংরেজি শেখার জন্য এবং বয়স্ক শিক্ষার্থীদের সহায়তার জন্য বেশ কিছু হাই স্কুল রয়েছে। নিচে কিছু অপশনসমূহ দেওয়া হল।

## ►ইন্টারন্যাশনাল হাই স্কুল

ইন্টারন্যাশনাল হাই স্কুল হল ছোট স্কুল যেখানে US-এ 4 বছরের কম সময় ধরে আছে এবং ইংরেজি ভাষা শিখছে এমন যেকোনো 14-21 বছর বয়সী ইমিগ্র্যান্ট শিক্ষার্থীদের সহায়তা প্রদান করা হয়ে থাকে।

এসব স্কুলগুলো থেকে হাই স্কুল ডিপ্লোমা অর্জন করা যায় এবং এগুলো ব্রুকলিন, ব্রনক্স, ম্যানহ্যাটন ও কুইন্সে অবস্থিত। ইন্টারন্যাশনাল হাই স্কুলের শিক্ষার্থীদের সাধারণত সোমবার-শুক্রবার সকাল 8টা-বিকাল 4টা পর্যন্ত স্কুলে থাকতে হয়। এসব স্কুল যা অফার করে তা হল:

- রিডিং, রাইটিং ও গণিত সংক্রান্ত বাড়তি সহায়তা
- দোভাষী সোশ্যাল ওয়ার্কার/সমাজকর্মী
- ছোট আকারের ক্লাসরুম
- পেইড (এবং আনপেইড) ইন্টার্নশিপ এবং/অথবা কাজের সুযোগ
- হাই স্কুলে থাকা অবস্থায় ফ্রী কলেজ ক্লাসে ভর্তি হওয়ার সুযোগ
- কলেজে আবেদন করার জন্য ইন্ডিভিজুয়াল সহায়তা প্রদান
- কমিউনিটি নিয়ে কাজ করা বিভিন্ন সংস্থা কর্তৃক প্রদানকৃত অন্যান্য পরিষেবা যেমন ইমিগ্রেশন ও হাউজিং সংক্রান্ত সহায়তা

| ইন্টারন্যাশনাল হাই স্কুল | ঠিকানা |
|---|---|
| ইন্টারন্যাশনাল হাই স্কুল অ্যাট ইউনিয়ন স্কয়ার | 40 ইরভিং Pl, নিউ ইয়র্ক, NY 10003 |
| ম্যানহ্যাতন ইন্টারন্যাশনাল হাই স্কুল | 317 E 67th স্ট্রীট, নিউ ইয়র্ক, NY 10065 |

| | |
|---|---|
| ইন্টারন্যাশনাল কমিউনিটি হাই স্কুল | 345 ব্রুক অ্যাভিনিউ, ব্রনক্স, NY 10454 |
| ক্রোটোনা ইন্টারন্যাশনাল হাই স্কুল | 2474 ক্রোটনা অ্যাভিনিউ, ব্রনক্স, NY 10458 |
| ব্রনক্স ইন্টারন্যাশনাল হাই স্কুল | 1110 বস্টন রোড, ব্রনক্স, NY 10456 |
| ক্লেয়ারমন্ট ইন্টারন্যাশনাল হাই স্কুল | 240 E 172nd স্ট্রীট, ব্রনক্স, NY 10457 |
| প্যান অ্যামেরিকান ইন্টারন্যাশনাল হাই স্কুল অ্যাট মনরো | 1300 বয়টন অ্যাভিনিউ ফ্লোর 4, ব্রনক্স, NY 10472 |
| ইন্টারন্যাশনাল হাই স্কুল অ্যাট প্রস্পেক্ট হাইটস | 883 ক্লেইসন অ্যাভিনিউ, ব্রুকলিন, NY 11225 |
| ইন্টারন্যাশনাল হাই স্কুল অ্যাট লাফায়েট | 2630 বেনসন অ্যাভিনিউ, ব্রুকলিন, NY 11214 |
| ব্রুকলিন ইন্টারন্যাশনাল স্কুল | 49 ফ্ল্যাটবুশ অ্যাভিনিউ এক্সটেনশন, ব্রুকলিন, NY 11201 |
| ইন্টারন্যাশনাল হাই স্কুল ফর হেলথ সায়েন্সেস | 48-01 90th স্ট্রীট, এলমহার্স্ট, NY 11373 |
| ইন্টারন্যাশনাল হাই স্কুল অ্যাট লাগার্ডিয়া কমিউনিটি কলেজ | 45-35 ভ্যান ড্যাম স্ট্রীট, লং আইল্যান্ড সিটি, NY 11101 |
| ফ্লাশিং ইন্টারন্যাশনাল হাই স্কুল | 144-80 বারক্লে অ্যাভিনিউ, ফ্লাশিং, NY 11355 |
| প্যান অ্যামেরিকান ইন্টারন্যাশনাল হাই স্কুল | 45-10 94th স্ট্রীট, ফ্লাশিং, NY 11373 |

**আরও তথ্য জানার জন্য ইন্টারন্যাশনাল নেটওয়ার্ক ওয়েবসাইট ভিজিট করুন:**
**www.internationalsnetwork.org**

## ►ট্রান্সফার হাই স্কুলসমূহ

নিউ ইয়র্ক সিটিতে **5টি ট্রান্সফার স্কুল রয়েছে** যেখানে সাম্প্রতিক সময়ে US-এ এসেছে এবং ইংরেজি ভাষা শিখছে এমন তরুণদের (সাধারণত 16-21 বছর বয়সী) নিয়ে কাজ করা হয়ে থাকে। এগুলোকে "ELL ট্রান্সফার স্কুল" বলা হয়ে থাকে। এগুলো ফুল-টাইম স্কুল যেখানে হাই স্কুল ডিপ্লোমা অর্জন করা যায়।

ELL ট্রান্সফার স্কুলগুলো এমন শিক্ষার্থীদের সহায়তা প্রদান করে থাকে যারা বেশ কিছু সময় ধরে স্কুলের পড়াশোনার বাইরে ছিল অথবা যারা কখনও স্কুলে পড়াশোনা করেনি। এই স্কুলগুলো ম্যানহ্যাটন ও ব্রনক্সে অবস্থিত। ট্রান্সফার হাই স্কুলের শিক্ষার্থীদের সাধারণত

সোমবার-শুক্রবার সকাল 8টা-বিকাল 4টা পর্যন্ত স্কুলে থাকতে হয়।

এসব স্কুল যা অফার করে তা হল:

- ইংরেজি শেখা সংক্রান্ত সহায়তা
- ছোট আকারের ক্লাস
- রিডিং, রাইটিং ও গণিত সংক্রান্ত বাড়তি সহায়তা
- দোভাষী সোশ্যাল ওয়ার্কার/সমাজকর্মী
- পেইড ইন্টার্নশিপ এবং/অথবা কাজের সুযোগ
- যেসব শিক্ষার্থী কাজ করে থাকে, তাদের জন্য নাইট স্কুল (ম্যানহ্যাটন কম্প্রিহেনসিভ নাইট অ্যান্ড ডে-তে এই সুবিধা রয়েছে)
- কমিউনিটি নিয়ে কাজ করা বিভিন্ন সংস্থা কর্তৃক প্রদানকৃত অন্যান্য পরিষেবা যেমন ইমিগ্রেশন ও হাউজিং সংক্রান্ত সহায়তা

***ম্যানহ্যাটন এবং ব্রনক্সে অবস্থিত ELL ট্রান্সফার হাই স্কুল যেগুলো নতুন ইমিগ্র্যান্ট তরুণদের সহায়তা প্রদান করে থাকে:***

| স্কুল | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| ELLIS প্রিপারেটরি অ্যাকাডেমি (X397) | 99 টেরেস ভিউ অ্যাভিনিউ, ব্রনক্স, NY 10463 | 718-220-1889 |
| এমা ল্যাজারাস হাই স্কুল (M394) | 100 হেস্টার স্ট্রীট, ম্যানহ্যাটন, NY 10002 | 212-925-5017 |
| ম্যানহ্যাটন কম্প্রিহেনসিভ ডে & নাইট (M575) | 240 2 অ্যাভিনিউ, ম্যানহ্যাটন, NY 10003 | 212-353-2010 |
| লিবার্টি হাই স্কুল অ্যাকাডেমি ফর নিউকমারস (M550) | 250 ওয়েস্ট 18 স্ট্রীট, ম্যানহ্যাটন, NY 10011 | 212-691-0934 |
| লোয়ার ইস্ট সাইড প্রিপারেটরি অ্যাকাডেমি (M515) | 145 স্ট্যাটন স্ট্রীট, ম্যানহ্যাটন, NY 10002 | 212-505-6366 |

*ব্রুকলিন, ব্রনক্স ও কুইন্সে অবস্থিত অতিরিক্ত কিছু ট্রান্সফার হাই স্কুল রয়েছে যেখানে নতুন আগত ইমিগ্র্যান্ট তরুণদের স্বাগত জানানো হয়ে থাকে:*

| স্কুল | ঠিকানা | ফোন নম্বর |
|---|---|---|
| বুশউইক কমিউনিটি হাই স্কুল (K564) | 231 পালমেটো স্ট্রীট, ব্রুকলিন, NY 11221 | 718-443-3083 |
| কুইন্স স্যাটেলাইট হাই স্কুল ফর অপরচুনিটি (Q338) | 162-02 হিলসাইড অ্যাভিনিউ, কুইন্স, NY 11432 | 718-883-1200 |
| কুইন্স অ্যাকাডেমি হাই স্কুল (Q540) | 138-11 35 অ্যাভিনিউ, কুইন্স, NY 11354 | 718-463-3111 |
| নর্থ কুইন্স কমিউনিটি হাই স্কুল (Q792) | 141-25 77 রোড, কুইন্স, NY 11367 | 718-380-1650 |
| ব্রনক্স কমিউনিটি হাই স্কুল (X377) | 1980 লাফায়েট অ্যাভিনিউ, ব্রনক্স, NY10473 | 718-892-1026 |
| আরটুরো এ. শমবার্গ স্যাটেলাইট অ্যাকাডেমি ব্রনক্স (X446) | 1010 রেভারেন্ড জে. এ. পোলাইট অ্যাভিনিউ, ব্রনক্স, NY 10459 | 718-518-3050 |

## ► লোকাল হাই স্কুলসমূহ

আপনার কমিউনিটিতে কিছু হাই স্কুল রয়েছে যেখানে সাম্প্রতিক সময়ে আসা ইমিগ্র্যান্ট শিক্ষার্থী সহ 14-21 বছর বয়সী যেকোনো শিক্ষার্থী ভর্তি হতে পারে। লোকাল হাই স্কুলের শিক্ষার্থীদের সাধারণত সোমবার-শুক্রবার সকাল 8টা-বিকাল 4টা পর্যন্ত স্কুলে থাকতে হয়। এর মধ্যে কিছু স্কুলে দ্বিভাষিক ক্লাস করানো হয়ে থাকে এবং অন্য স্কুলগুলোতে নতুন শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম রয়েছে। যখন আপনি কোনো ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যাবেন, তখন জিজ্ঞেস করে নেবেন যে কোন হাই স্কুলে আপনার ভাষায় দ্বিভাষিক প্রোগ্রাম রয়েছে অথবা ইমিগ্র্যান্ট শিক্ষার্থীদের জন্য প্রোগ্রাম রয়েছে।

**দ্রষ্টব্য:**

সকল স্থানীয় উচ্চ বিদ্যালয়ই ইংরেজি শিখছে এমন শিক্ষার্থীদের জন্য সহায়তা প্রদান করে, যা **‘English as a New Language’** নামে পরিচিত।

## *কিছু লোকাল হাই স্কুল নতুন আগত ইমিগ্র্যান্টদের নিয়ে কাজ করে থাকে:*

| বোরো | নতুন আগত ইমিগ্র্যান্টদের নিয়ে কাজ করে থাকে এমন কিছু লোকাল হাই স্কুলসমূহ |
|---|---|
| ম্যানহ্যাটন | HS ফর ডুয়াল অ্যান্ড এশিয়ান স্টাডিজ |
| | ম্যানহ্যাটন ব্রিজেস হাই স্কুল |
| | ম্যানহ্যাতন অ্যাকাডেমি ফর আর্টস & ল্যাঙ্গুয়েজ |
| | গ্রেগরিও লুপেরন হাই স্কুল ফর সায়েন্স & ম্যাথেম্যাটিক্স |
| ব্রঙ্কস | নিউ ওয়ার্ল্ড হাই স্কুল |
| | অ্যাকাডেমি ফর ল্যাঙ্গুয়েজ অ্যান্ড টেকনোলজি |
| | ব্রনক্স ব্রিজেস হাই স্কুল |
| | হাই স্কুল অফ ল্যাঙ্গুয়েজ & ইনোভেশন |
| | ইন্টারন্যাশনাল স্কুল ফর লিবারেল আর্টস |
| | শাই স্কুল অফ ওয়ার্ল্ড কালচারস |
| | কিংসব্রিজ ইন্টারন্যাশনাল হাই স্কুল |
| | ব্রনক্স কমিউনিটি হাই স্কুল |
| ব্রুকলিন | মাল্টিকালচারাল হাই স্কুল |
| কুইন্স | ATLAS হাই স্কুল |
| | কুইন্স হাই স্কুল ফর ল্যাঙ্গুয়েজ স্টাডিজ |

# হাই স্কুলে কীভাবে ভর্তি হওয়া যায়

যদি আপনি 14-21 বছর বয়সী হয়ে থাকেন এবং NYCPS হাই স্কুলে ভর্তি হতে চান, তাহলে আপনাকে যেকোনো লোকাল "ফ্যামিলি ওয়েলকাম সেন্টার" -এ যেতে হবে এবং আপনার অপশনসমূহ নিয়ে ভর্তিবিষয়ক একজন কাউন্সেলরের সাথে কথা বলতে হবে।



যদি আপনি **লোকাল অথবা ইন্টারন্যাশনাল হাই স্কুল** বেছে নেন:

> ফ্যামিলি ওয়েলকাম সেন্টার আপনাকে একটি স্কুল অ্যাসাইন করে দিয়ে সেই সংক্রান্ত একটি চিঠি প্রদান করবে। চিঠিতে আপনি যেই স্কুলে পড়াশোনা করবেন সেটার নাম ও ঠিকানা দেওয়া থাকবে। আপনাকে সরাসরি সেই স্কুলে যোগাযোগ করতে হবে এবং স্কুলে সশরীরে উপস্থিত হয়ে আপনার ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

যদি আপনি **ট্রান্সফার হাই স্কুল বেছে নেন:**

> ফ্যামিলি ওয়েলকাম সেন্টার থেকে আপনাকে একটি বা তার বেশি রেফারেল সংক্রান্ত চিঠি প্রদান করা হবে। প্রতিটি চিঠিতে ট্রান্সফার স্কুলের নাম ও ঠিকানা দেওয়া থাকবে। আপনাকে প্রতিটি স্কুলের সাথে নিজে থেকে যোগাযোগ করে পরিদর্শনের জন্য অ্যাপয়েন্টমেন্ট ঠিক করে নিতে হবে। ট্রান্সফার স্কুলগুলোর নিজস্ব ভর্তি প্রক্রিয়া রয়েছে যেখানে কোনো শিক্ষার্থী তাদের স্কুলের জন্য উপযুক্ত হবে কি না সেটা নির্ধারণ করা হয়ে থাকে।

**দ্রষ্টব্য:**

আপনি যদি আপনার পরিদর্শন করা কোনো স্কুলেই ভর্তি হতে না পারেন, তবে আরও বিকল্পের জন্য আপনার 'ফ্যামিলি ওয়েলকাম সেন্টার'-এ ফিরে যাওয়া উচিত।

পরবর্তী পৃষ্ঠায় আপনি সকল ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের তালিকা এবং তাদের যোগাযোগের তথ্য পাবেন। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলো সোমবার-বৃহস্পতিবার সকাল 8টা-বিকাল 5টা পর্যন্ত এবং শুক্রবার সকাল 8টা-বিকাল 3টা পর্যন্ত খোলা থাকে। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলোতে অনুবাদ ও দোভাষী সংক্রান্ত পরিষেবা পাওয়া যাবে।

# ফ্যামিলি ওয়েলকাম সেন্টারসমূহ (FWCs)

*ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলো সোমবার-বৃহস্পতিবার সকাল ৪টা-বিকাল 5টা পর্যন্ত এবং শুক্রবার সকাল ৪টা-বিকাল 3টা পর্যন্ত খোলা থাকে। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলোতে অনুবাদ ও দোভাষী সংক্রান্ত পরিষেবা পাওয়া যাবে।*

| বোরো | আওতাভুক্ত ডিস্ট্রিক্টসমূহ | ঠিকানা & ইমেইল | ফোন নম্বর |
|---|---|---|---|
| ব্রঙ্কস | 7, 9, 10 | 1 ফোর্ডহ্যাম প্লাজা, 7th ফ্লোর<br>FordhamFWC@schools.nyc.gov | 718-329-8050 |
| | 8, 11, 12 | 1230 জেরেগা অ্যাভিনিউ, রুম 24<br>ZeregaFWC@schools.nyc.gov | 718-828-7546 |
| ব্রুকলিন | 16, 17, 18, 22 | 1780 ওশেন অ্যাভিনিউ, 3rd ফ্লোর<br>OceanFWC@schools.nyc.gov | 718-758-7744 |
| | 13, 15, 20, 21 | 415 89th স্ট্রীট, 5th ফ্লোর<br>89thFWC@schools.nyc.gov | 718-759-3900 |
| | 14, 19, 23, 32 | 1665 সেইন্ট মার্কস অ্যাভিনিউ, রুম 116<br>StMarksFWC@schools.nyc.gov | 718-240-3609 |
| ম্যানহ্যাটন | 1, 2, 4 | 333 7th অ্যাভিনিউ, 12th ফ্লোর, রুম 1211<br>333FWC@schools.nyc.gov | 917-339-1763 |
| | 3, 5, 6 | 123 মর্নিংসাইড ড্রাইভ, রুম 235<br>MorningsideFWC@schools.nyc.gov | 332-228-0312 |
| কুইন্স | 24, 30 | 28-11 কুইন্স প্লাজা নর্থ, 3rd ফ্লোর<br>QueensPlazaNFWC@schools.nyc.gov | 718-391-6270 |
| | 25, ,26 | 30-48 লিন্ডেন প্লেইস, 2nd ফ্লোর<br>LindenFWC@schools.nyc.gov | 718-281-3538 |
| | 27, 28, 29 | 90-27 সাটফিন বুলেভার্ড, 1st ফ্লোর<br>SutphinFWC@schools.nyc.gov | 718-557-2786 |
| স্ট্যাটেন আইল্যান্ড | 31 | 365 বে স্ট্রীট<br>BayStreetFWC@schools.nyc.gov | 718-935-3500 |

**দ্রষ্টব্য:** যদি আপনি 18 বছরের কম হয়ে থাকেন এবং আপনার মা-বাবা অথবা অভিভাবক থেকে থাকে, তাহলে স্কুলে ভর্তি হওয়ার ব্যাপারে তাদেরকেও আপনার সাথে

ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে আসতে হবে। যদি আপনি 18 বছরের কম হয়ে থাকেন এবং আইনগতভাবে মা-বাবা বা অভিভাবকের আওতাভুক্ত না হয়ে থাকেন অথবা আপনার সাথে আসার মত কেউ না থাকে, তাহলে স্কুলে ভর্তি হওয়ার ব্যাপারে আপনার সাথে কোনো প্রাপ্তবয়স্ক ব্যক্তি না আসলেও চলবে।

## *রেজিস্ট্রেশনের জন্য কোন ডকুমেন্টগুলো প্রয়োজন?*

স্কুলে রেজিস্টার করার সময় আপনাকে অবশ্যই যেসব ডকুমেন্ট আনতে হবে:

- **শিক্ষার্থীর বয়সের প্রমাণপত্র,** যেমন জন্ম নিবন্ধন সনদ অথবা পাসপোর্ট।
- **শিক্ষার্থীর** টিকা দেওয়ার রেকর্ড।
- পূর্বের দেশ সহ আগের **স্কুল রেকর্ড,** যদি থেকে থাকে।
- **ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্ল্যান (IEP)** অথবা 504 অ্যাকোমোডেশন প্ল্যান, যদি শিক্ষার্থীর থেকে থাকে।
- **মা-বাবা অথবা অভিভাবকের** ফটো আইডি।
- এর পাশাপাশি আপনি যে NYC-তে বসবাস করে থাকেন, সেটার জন্য 2 ধরনের **প্রমাণপত্র আনতে হবে।** বসবাসের প্রমাণপত্রের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:
    - গত 60 দিনের গ্যাস, ইলেকট্রিক অথবা ক্যাবল টেলিভিশন বিল।
    - গত 60 দিনের বাড়ি ভাড়া প্রদানের রশিদ।
    - প্রপার্টি ট্যাক্স বিল।
    - যেকোনো লিজ, ডিড অথবা মর্টগেজ সংক্রান্ত আসল চুক্তিনামা।
    - পেইরোল অথবা সরকারি এজেন্সি থেকে প্রাপ্ত কোনো ডকুমেন্ট
    - আপনার ঠিকানায় বসবাসরত এমন কারো নামে করা কোনো অ্যাফিডেভিট। *(এক্ষেত্রে আপনাকে ৩ ধরনের বসবাসের প্রমাণপত্র দিতে হবে।)*

**দ্রষ্টব্য:**

যদি আপনি বর্তমানে কোনো শেল্টার বা কোনো ধরনের অস্থায়ী হাউজিংয়ে বসবাস করে থাকেন, তাহলে ভর্তি হওয়ার জন্য **এসব** ডকুমেন্টের প্রয়োজন নেই

## *যদি শিক্ষার্থীর স্কুল রেকর্ড অন্য দেশের হয়ে থাকে?*

যদি শিক্ষার্থীর স্কুল রেকর্ড U.S.-এর বাইরের কোনো দেশের হয়ে থাকে এবং অন্য কোনো ভাষায় লেখা হয়ে থাকে, তাহলে সেগুলো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল (NYCPS) কর্তৃক অনুবাদ করে নিতে হবে।

## *যদি শিক্ষার্থীর কোনো স্কুল রেকর্ড না থাকে?*

যদি আগের দেশ থেকে আপনার কোনো স্কুল রেকর্ড না থেকে থাকে, তারপরও স্কুল আপনাকে ফিরিয়ে দেওয়ার অধিকার রাখে না। সেক্ষেত্রে স্কুলের উচিত হবে আপনার বয়সের কাছাকাছি যেই গ্রেড রয়েছে, সেখানেই আপনাকে ভর্তি করিয়ে নেওয়া। আপনার ভর্তি হওয়ার পরবর্তী যেকোনো সময়েও আগের স্কুল রেকর্ড জমা দেওয়া যাবে, যদি তা পাওয়া যায়।

# HSE ডিপ্লোমা এবং 17+ বয়সী তরুণদের জন্য অন্যান্য শিক্ষামূলক প্রোগ্রাম

যেসব তরুণদের US হাই স্কুল ডিপ্লোমা নেই তাদের জন্য NYCPS হাই স্কুল ইকুইভ্যালেন্সি ডিপ্লোমা অফার করে থাকে। এর পাশাপাশি শিক্ষার্থীদের জন্য অ্যাকাডেমিক দক্ষতা উন্নয়ন, ইংরেজি শেখা ও চাকুরি-বিষয়ক প্রশিক্ষণ সংক্রান্ত প্রোগ্রাম রয়েছে। এসব প্রোগ্রাম সম্পূর্ণ ফ্রী।

## ►হাই স্কুল ইকুইভ্যালেন্সি (HSE) প্রিপারেশন

যদি আপনার বয়স 17 বছর বা তার বেশি হয়ে থাকে, তাহলে আপনি GED পরীক্ষা দিয়ে হাই স্কুল ইকুইভ্যালেন্সি (HSE) ডিপ্লোমা অর্জন করতে পারেন। HSE ডিপ্লোমা নির্দেশ করে যে অন্য যেকোনো হাই স্কুল গ্র্যাজুয়েটের মতই আপনার সমমানের অ্যাকাডেমিক দক্ষতা রয়েছে। এটি অর্জন করার জন্য আপনাকে চারটি বিষয়ের পরীক্ষায় পাশ করতে হবে। NYCPS-এর মাধ্যমে আপনি বিভিন্ন কোর্স নিতে পারেন যেগুলো আপনাকে এই পরীক্ষার জন্য প্রস্তুত করে তুলবে। ডে এবং নাইট সময়সূচী অনুযায়ী এসব কোর্সের

ক্লাসগুলো দিনে এবং রাতে হয়ে থাকে। এই ক্লাসগুলো এবং HSE পরীক্ষা ইংরেজি এবং স্প্যানিশ ভাষায় করানো হয়ে থাকে।

এসব ক্লাস সেসব শিক্ষার্থীদের জন্য সহায়ক যাদের কিছুটা হলেও ইংরেজি অথবা স্প্যানিশ ভাষাগত দক্ষতা এবং সাধারণ রিডিং, রাইটিং ও গণিত বিষয়ক দক্ষতা আছে। HSE ক্লাসের ব্যাপারে আরও জানার জন্য যেকোনো রেফারেল সেন্টার ভিজিট করুন:

| বোরো | ঠিকানা & ইমেইল | ফোন নম্বর |
|---|---|---|
| **ব্রঙ্কস** | 1010 রেভারেন্ড জেমস পোলাইট অ্যাভিনিউ, রুম 436 ব্রনক্স, NY 10459 | 718-518-4530 |
| **ব্রুকলিন** | 69 শেরমেরহর্ন স্ট্রীট ব্রুকলিন, NY 11201 | 718-935-9457 |
| **ম্যানহ্যাটন** | 269 ওয়েস্ট 35th স্ট্রীট, 11th ফ্লোর নিউ ইয়র্ক, NY 10018 | 212-244-1274 |
| **কুইন্স** | 162-02 হিলসাইড অ্যাভিনিউ কুইন্স, NY 11432 | 929-352-2206 |
| **স্ট্যাটেন আইল্যান্ড** | 365 বে স্ট্রীট স্ট্যাটেন আইল্যান্ড, NY 10301 | 917-722-3800 |

## ►অ্যাডাল্ট বেসিক এডুকেশন (ABE)

অ্যাডাল্ট বেসিক এডুকেশন সেসব শিক্ষার্থীদের জন্য যারা তাদের রিডিং, রাইটিং ও গণিত বিষয়ক দক্ষতা উন্নত করতে আগ্রহী। বেশ কিছু সময় ধরে স্কুলের পড়াশোনার বাইরে আছে এমন শিক্ষার্থীদের জন্য এসব ক্লাস সহায়ক হবে।

## ►ইংলিশ অ্যাজ আ সেকেন্ড/আদার ল্যাঙ্গুয়েজ (ESOL)

ইংলিশ অ্যাজ আ সেকেন্ড/আদার ল্যাঙ্গুয়েজ কোর্সসমূহ সকল লেভেলের শিক্ষার্থীদের জন্য যারা ইংরেজিতে রিডিং, রাইটিং, স্পিকিং এবং লিসেনিং দক্ষতা উন্নত করতে আগ্রহী। বেসিক থেকে অ্যাডভান্সড লেভেল পর্যন্ত বিভিন্ন ক্লাস রয়েছে।

## ►ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন (CTE)

ক্যারিয়ার অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন কোর্সসমূহ প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য কম্পিউটার দক্ষতা, অটোমোটিভ সহ আরও বিভিন্ন ক্ষেত্রে চাকুরির জন্য প্রস্তুতি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করে থাকে।

## ABE, ESOL অথবা CTE-তে কীভাবে ভর্তি হওয়া যাবে

প্রতি সপ্তাহে সোমবার-বৃহস্পতিবার খোলা থাকে এমন যেকোনো অ্যাডাল্ট এডুকেশন এনরোলমেন্ট সেন্টার ভিজিট করুন।

| | বোরো | ঠিকানা & ইমেইল |
|---|---|---|
| *ডেটাইম এনরোলমেন্টা দিবাকালীন ভর্তি (সকাল 9 টা – দুপুর 1 টা)* | ব্রঙ্কস | 3450 ইস্ট ট্রেমন্ট 3rd ফ্লোর ব্রনক্স, NY 10465 |
| | ব্রুকলিন | 557 গ্র্যানভিল পেইন অ্যাভিনিউ ব্রুকলিন, NY 11207 |
| | | 475 নোস্ট্র্যান্ড অ্যাভিনিউ ব্রুকলিন NY 11216 |
| | | 271 মেলরোজ স্ট্রীট ব্রুকলিন, NY 11206 |
| | ম্যানহ্যাটন | 269 ওয়েস্ট 35th স্ট্রীট 7th ফ্লোর নিউ ইয়র্ক, NY 10001 |
| | | 212 ওয়েস্ট 120th স্ট্রীট নিউ ইয়র্ক, NY 10027 |
| | কুইন্স | 27-35 জ্যাকসন অ্যাভিনিউ লং আইল্যান্ড সিটি, NY 11101 |
| | | 142-10 লিন্ডেন বুলেভার্ড কুইন্স, NY 11436 |
| *ইভেনিং এনরোলমেন্টা সান্ধ্যকালীন ভর্তি (বিকাল 5 টা- রাত 8 টা)* | ব্রুকলিন | 271 মেলরোজ স্ট্রীট ব্রুকলিন, NY 11206 |
| | স্ট্যাটেন আইল্যান্ড | 450 সেইন্ট মার্কস প্লেইস স্ট্যাটেন আইল্যান্ড, NY 10301 |
| | কুইন্স | 90-01 সাটফিন বুলেভার্ড 2nd ফ্লোর জ্যামাইকা, NY 11435 |

# অন্যান্য রিসোর্সেস

## NYC, ব্রুকলিন এবং কুইন্স পাবলিক লাইব্রেরিসমূহ

নিউ ইয়র্ক সিটিতে তিনটি পাবলিক লাইব্রেরি সিস্টেম রয়েছে যেগুলো তাদের নিজস্ব ইংলিশ অ্যাজ আ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ কোর্স, টেকনোলজি ওয়ার্কশপ এবং আরও অনেক কিছু অফার করে থাকে। প্রতিটি লাইব্রেরি সিস্টেম কোন বিষয়গুলো অফার করে থাকে সেটা জানার জন্য QR কোডগুলো স্ক্যান করুন:

**নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরি (NYPL)**

**ব্রুকলিন পাবলিক লাইব্রেরি (BPL)**

**কুইন্স পাবলিক লাইব্রেরি (QPL)**

## ইমিগ্রেশন সংক্রান্ত সহায়তার জন্য আমি কোথায় যেতে পারি?

CUNY সিটিজেনশিপ নাও সেন্টারসমূহ বিনামূল্যে অ্যাপয়েন্টমেন্ট-ভিত্তিক ইমিগ্রেশন সংক্রান্ত সহায়তা প্রদান করে থাকে। শহরের CUNY সিটিজেনশিপ নাও অফিসগুলোর অবস্থান ও যোগাযোগের তথ্য নিচে দেওয়া হল:

| CUNY ইমিগ্রেশন সেন্টার | যে ভাষায় কথা বলা হয়ে থাকে | ফোন | সময়সূচী | ঠিকানা |
|---|---|---|---|---|
| **হস্টস কমিউনিটি কলেজ** | ইংরেজি, স্প্যানিশ | 718-518-4395 | সোমবার-শুক্রবার,<br>সকাল 9টা- দুপুর 1টা, দুপুর 2টা- বিকাল 5টা | 427 ওয়াল্টন অ্যাভিনিউ, T-501 ব্রনক্স, NY 10451 |

| | | | | |
|---|---|---|---|---|
| **মেডগার ইভারস কলেজ** | ইংরেজি, স্প্যানিশ, পোলিশ | 718-270-6292 | সোমবার-শুক্রবার, সকাল 9টা- দুপুর 1:15টা, দুপুর 1:45টা- বিকাল 4টা | 1150 ক্যারল স্ট্রীট, রুম 226 ব্রুকলিন, NY 11225 |
| **সিটি কলেজ** | ইংরেজি, স্প্যানিশ, ইতালিয়ান | 212-650-6620 | সোমবার-শুক্রবার, সকাল 9টা- বিকাল 5টা | 160 কনভেন্ট অ্যাভিনিউ, নর্থ অ্যাকাডেমিক সেন্টার, রুম 1-206 নিউ ইয়র্ক, NY 10031 |
| **CUNY ইন দ্যা হাইটস** | ইংরেজি, স্প্যানিশ | 646-664-9350 | সোমবার-শুক্রবার, সকাল 9টা- বিকাল 5টা | 5030 ব্রডওয়ে, Ste. H202 নিউ ইয়র্ক, NY 10034 |
| **ফ্লাশিং** | ইংরেজি, চাইনিজ, কোরিয়ান, স্প্যানিশ | 718-640-9223 | সোমবার-শুক্রবার, সকাল 9:30টা- দুপুর 1টা, দুপুর 2টা- বিকাল 4:30টা | 39-07 প্রিন্স স্ট্রীট, Ste. 2B ফ্লাশিং, NY 11354 |
| **ইয়র্ক কলেজ** | ইংরেজি, স্প্যানিশ | 646-664-9400 | সোমবার-শুক্রবার, সকাল 9:00টা- বিকাল 4:00টা | 94-20 গাই ব্রুয়ার বুলেভার্ড জ্যামাইকা, NY 11451 |
| **এল সেন্ট্রো দেল ইমিগ্রান্তে** | ইংরেজি, স্প্যানিশ | 347-825-2086 | সোমবার-শনিবার সকাল 7:00টা- দুপুর 12টা | 260 পোর্ট রিচমন্ড অ্যাভিনিউ, স্ট্যাটেন আইল্যান্ড, NY 10302 |

**এই নির্দেশিলা এবং নিউ ইয়র্ক সিটিতে অতিরিক্ত শিক্ষাগত রিসোর্সেস সংক্রান্ত তথ্য আমাদের ওয়েবসাইটেও পাওয়া যাবে, www.advocatesforchildren.org।**

## আমাদের লক্ষ্য

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক (AFC) -এর লক্ষ্য হল নিউ ইয়র্ক শিক্ষার্থীদের জন্য উচ্চ-মানের শিক্ষা নিশ্চিত করা, বিশেষ করে সেসব শিক্ষার্থীদের জন্য যারা শিক্ষাগত সাফল্য অর্জনে বাধার সম্মুখীন হচ্ছে এবং যারা কম-আয়ের ব্যাকগ্রাউন্ড থেকে এসেছে। AFC চারটি সমন্বিত কৌশলের মাধ্যমে তার লক্ষ্য অর্জন করে থাকে:

- শিক্ষার্থীদের পরিবারের জন্য বিনামূল্যের পরামর্শ প্রদান এবং আইনী প্রতিনিধিত্ব করা;
- মা-বাবা, কমিউনিটি এবং শিক্ষক ও অন্যান্য পেশাজীবীদের জন্য বিনামূল্যের প্রশিক্ষণ ও ওয়ার্কশপ আয়োজন করা যাতে তারা শিক্ষার্থীদের পক্ষে আরও জোরালোভাবে সমর্থন যোগাতে পারে;
- শিক্ষাগত সিস্টেমে পরিবর্তন আনা এবং শিক্ষা সংক্রান্ত আউটকাম/ফলাফল উন্নত করার জন্য সংশ্লিষ্ট নীতিমালার পক্ষে প্রচারণা করান; এবং
- মান-সম্মত শিক্ষার অধিকার সুরক্ষিত করা এবং শিক্ষা বিষয়ক প্রয়োজনীয় সংস্কার বাধ্যতামূলক করার জন্য আইনী প্রক্রিয়ার মাধ্যমে প্রভাব রাখা।

**আরও কোনো প্রশ্ন আছে? অনুগ্রহ করে জিল শাইফেতস এডুকেশন হেল্পলাইনে কল করুন:**

সোমবার থেকে বৃহস্পতিবার
সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত
866-427-6033 (টোল ফ্রী)

**অ্যাডভোকেটস ফর চিল্ডরেন অব নিউইয়র্ক, ইঙ্ক.**
151 ওয়েস্ট 30th স্ট্রীট, 5th ফ্লোর
নিউ ইয়র্ক, NY 10001
ফোন • (212) 947-9779
ফ্যাক্স • (212) 947-9790
info@advocatesforchildren.org
www.advocatesforchildren.org